

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সম্প্রতি ঢাকা'র নবাবপুর মুক্তিযোদ্ধা মার্কেটে অভিযান পরিচালনা করে র্যাব এর ভ্রাম্যমান আদালত ৩টি প্রতিষ্ঠান থেকে বিপুল পরিমাণ ভেজাল লুব্রিকেন্টস ও ব্রেক অয়েলসহ খালি ক্যান ও ভেজাল লুব্রিকেন্টস প্রস্তুতের বিভিন্ন উপকরণ জব্দ করে, যা কোম্পানীর নির্ধারিত মূল্য অপেক্ষা কম মূল্যে বিক্রয় করা হচ্ছিল। সেখানে অন্যান্য ব্রান্ডের পাশাপাশি বাংলাদেশের বাজারে সর্বাধিক বিক্রিত বিশ্বখ্যাত **BP Super-V ৫** লিটার ক্যানও পাওয়া যায়। উক্ত সংবাদ প্রাপ্তির পর মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড ভোক্তার স্বার্থ রক্ষায় ভীষণভাবে উদ্বিগ্ন।

সে প্রেক্ষিতে সকল ডিলার, লুব ডিলার ও এজেন্টগণকে কোম্পানী ব্যতীত অন্য কোন উৎস থেকে লুব অয়েল উত্তোলন ও বিপণন না করা এবং ভেজাল লুব অয়েল এর উৎস সম্পর্কে কোন তথ্য জানা থাকলে দ্রুত কোম্পানীকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

ভোক্তা সাধারণের গাড়ীর ইঞ্জিনের সুরক্ষা ও মান সম্মত লুব্রিকেন্টস প্রাপ্তি নিশ্চিতকল্পে শুধুমাত্র মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ফিলিং স্টেশন, লুব ডিলার ও এজেন্টগণের কাছ থেকে **BP Super-V** ও অন্যান্য গ্রেডের বিপি লুব্রিকেন্টস ক্রয় করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ভোক্তা সাধারণের জ্ঞাতার্থে আরও জানানো যাচ্ছে যে, **BP Super-V ৫** লিটার ক্যান এর বর্তমান ডিপো মূল্য ১৯০০.০০ (এক হাজার নয়শত) টাকা।

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

৫৮-৫৯, আখাবাদ বা/এ, চট্টগ্রাম

ফোন : ০৩১-৭১১৮৯১ হতে ৭১১৮৯৮ (চট্টগ্রাম)

০২-৯৫৫১১৪০ এবং ০২-৯৫৫৯৪৮৯ (ঢাকা)